**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১০.২১-৭০১

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ / ১৭ অক্টোবর ২০২২

**বিষয়: ০২ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন সংক্রান্ত**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-(১) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৫.২২-৬২৬, তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২২
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৬১৪, তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২২
(৩) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৬.২২-৬১১, তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২২
জননিরাপত্তা বিভাগের স্মারক নং- (৪) ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৪-১১৪, তারিখ: ০৫ মার্চ ২০১৯ মূলে জারিকৃত পরিপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০২ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচনে ভোটকেন্দ্রে ও নির্বাচনি এলাকায় নিম্নরূপভাবে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন :

(ক) ভোটকেন্দ্র:

| সাধারণ ভোটকেন্দ্র | গুরুত্বপূর্ণ ভোটকেন্দ্র |
|---|---|
| (১) পুলিশ-৩জন (অস্ত্রসহ) | (১) পুলিশ-৪জন (অস্ত্রসহ) |
| (২) অঙ্গীভূত আনসার-১×জন পিসি (অস্ত্রসহ) | (২) অঙ্গীভূত আনসার-১×জন পিসি (অস্ত্রসহ) |
| (৩) অঙ্গীভূত আনসার-১×এপিসি (অস্ত্র/লাঠিসহ) | (৩) অঙ্গীভূত আনসার-১×এপিসি (অস্ত্র/লাঠিসহ) |
| (৪) অঙ্গীভূত আনসার সদস্য-১০×জন (লাঠিসহ) [মহিলা-৪, পুরুষ ৬] | (৪) অঙ্গীভূত আনসার সদস্য-১০×জন (লাঠিসহ) [মহিলা-৪, পুরুষ ৬] |
| (৫) গ্রাম পুলিশ-১×জন চৌকিদার/দফাদার (লাঠিসহ) | (৫) গ্রাম পুলিশ-১/২×জন চৌকিদার/দফাদার (লাঠিসহ) |
| **মোট = ১৬ জন** | **মোট = ১৬/১৭ জন** |

(খ) মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স:

| ক্রমিক | উপজেলা | নির্বাচনের ধরণ | পুলিশ, এপিবিএন, ব্যাটালিয়ন আনসার সমন্বয়ে মোবাইল টিম | বিজিবি মোবাইল টিম (প্লাটুন) | রিজার্ভ বিজিবি (প্লাটুন) | র‌্যাব (টিম) |
|---|---|---|---|---|---|---|
| ১. | কর্ণফুলী, চট্টগ্রাম | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান | ৪ | ২ | ১ | ৬ |
| ২. | জগন্নাথপুর, সুনামগঞ্জ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান | ৪ | ২ | ১ | ৬ |
| ৩. | ওসমানী নগর, সিলেট | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান | ৪ | ২ | ১ | ৬ |
| ৪. | সদর, নেত্রকোনা | চেয়ারম্যান | ৪ | ২ | ১ | ৬ |
| ৫. | রৌমারী, কুড়িগ্রাম | চেয়ারম্যান | ৪ | ২ | ১ | ৬ |
| ৬. | চিলমারী, কুড়িগ্রাম | চেয়ারম্যান | ৪ | ২ | ১ | ৬ |
| ৭. | খোকসা, কুষ্টিয়া | চেয়ারম্যান | ৪ | ২ | ১ | ৬ |

২। ফোর্স মোতায়েনের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছে :

(ক) ভোটকেন্দ্রের পুলিশ সংখ্যা, কেন্দ্রের ধরণ (সাধারণ, গুরুত্বপূর্ণ বিশেষ এলাকা-পার্বত্য, দ্বীপাঞ্চল ও হাওড় এলাকা) বিবেচনায় নির্ধারণ করা;

C:\Users\ecs\Desktop\Upazila & Union General Election Schedule_27.07.2022\Law & Order Letter.doc

(খ) রিটার্নিং অফিসারের অনুরোধে অথবা স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরিখে ভোটকেন্দ্রে পুলিশ ও আনসার-ভিডিপি এবং মোবাইল ও স্টাইকিং ফোর্স সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা; তবে ভোটগ্রহণ দিনের পূর্বে কমিশনকে অবহিত করতে হবে;

(গ) মোবাইল ও স্ট্রাইকিং ফোর্সের সাথে বিশেষ করে বিজিবির প্রতিটি টিমের সাথে ১ জন করে এক্সিটিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োজিত করা;

(ঘ) ভোটকেন্দ্রে ও নির্বাচনি এলাকায় ফোর্স মোতায়েনকাল, বিভিন্ন বাহিনীর কার্যক্রম/প্রশাসনিক ব্যবস্থা, যানবাহন অধিযাচন ও অন্যান্য লজিস্টিক সাপোর্ট, নিরাপত্তা পরিকল্পনা গ্রহণ এবং এতদবিষয়ক অন্যান্য ব্যবস্থাপনায় পঞ্চম উপজেলা পরিষদের বিভিন্ন পর্যায়ের নির্বাচন উপলক্ষে জননিরাপত্তা বিভাগ হতে ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৪-১১৪ স্মারকমূলে ৫ মার্চ ২০১৯ তারিখে জারিকৃত পরিপত্রের আলোকে নির্দেশনা প্রদান।

৩। মোবাইল/স্ট্রাইকিং ফোর্স ভোটগ্রহণের পূর্ববর্তী ০২(দুই) দিন, ভোটগ্রহণের দিন এবং ভোটগ্রহণের পরের দিনসহ মোট ০৪ (চার) দিন নিয়োজিত থাকবে।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

১৭/১০/২০২২

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: ecsemc2@gmail.com

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ / ১৭ অক্টোবর ২০২২

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১০.২১-৭০১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, .......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ........................ (সংশ্লিষ্ট) বিভাগ
১০. পুলিশ কমিশনার ............................ (সংশ্লিষ্ট)
১১. যুগ্মসচিব (সকল),নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, .....................................(সংশ্লিষ্ট) **[বিজিবির প্রতিটি টিমের সাথে একজন এক্সিটিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োজিত করার বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ]**
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................................ (সংশ্লিষ্ট) অঞ্চল
১৮. পুলিশ সুপার, ............................ (সংশ্লিষ্ট)
১৯. উপসচিব (নির্বাচন পরিচালনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, ................................. (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

২১. উপজেলা নির্বাহী অফিসার, ............................................ (সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ................................ (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ/নির্বাচন সহায়তা-১ ও ২ শাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন অফিসার, .......................................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. অফিসার-ইন-চার্জ, ................................ (সংশ্লিষ্ট) থানা।

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২